JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 29 ব্যক্তির শাস্তি মওকুফ করে দিলেন

যখন রাষ্ট্রপতি ট্রাম্প এবং ফেডারেল সরকার আমাদের সীমানায় অভিবাসী কমিউনিটিসমূহের বিপক্ষে যুদ্ধ ঘোষণা করছে, গভর্নর কুওমো তখন ছোটখাটো অপরাধে শাস্তি পাওয়া ব্যক্তিদের ডিপোর্টেশন থেকে ক্ষমা প্রদান করলেন

ক্ষমা প্রদান অভিবাসীসমূহকে রক্ষা করতে গভর্নরের রেকর্ডের সংযোজন যার মধ্যে দেশের-প্রথম লিবার্টি ডিফেন্স প্রকল্প (Liberty Defense Project) অন্তর্ভুক্ত যা স্টেট এজেন্সি ও আইন প্রয়োগকারী সংস্থাকে অভিবাসন অবস্থার ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা থেকে বিরত রাখতে এবং স্টেট ভবনে ICE প্রবেশাধিকার সীমাবদ্ধ করতে আইনি সুরক্ষা এবং নির্বাহী ক্রিয়া প্রদান করে

অনুশোচনা, পুনর্বাসন এবং কমিউনিটির প্রতি বিশ্বস্ততা প্রদর্শনের জন্য ব্যক্তিদের শাস্তি কমিয়ে দেওয়া হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে উল্লেখযোগ্যভাবে পুনর্বাসন ও কমিউনিটির অপরাধ হ্রাস করার দৃঢ় মনোভাব প্রদর্শনকারী 29 ব্যক্তির শাস্তি মওকুফ করে দেন।

"রাষ্ট্রপতি যখন অভিবাসীদের বাইরে রাখার ব্যাপারে নিজের জেদের কারণে ফেডারেল সরকার বন্ধ করে ফেলেছেন, নিউ ইয়র্ক অভিবাসী কমিউনিটির প্রতি তার সমর্থনের জন্য শক্ত অবস্থান গ্রহণ করছে", **গভর্নর কুওমো বলেন।** "এইসব পদক্ষেপ অভিবাসী পরিবারগুলিকে একসাথে থাকতে সাহায্য করবে এবং আরো ন্যায়পরায়ণ, আরো ন্যায্য, আরো সহানুভূতিশীল নিউ ইয়র্ক প্রতিষ্ঠার দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

ক্ষমা

গভর্নর কুওমো আজকে তাদের পুনর্বাসন প্রচেষ্টা শনাক্ত করে নিচের ব্যক্তিদের ক্ষমা প্রদান করলেন যাতে তাদের অপরাধী রেকর্ড তাদের অভিবাসন অবস্থায় কোনো প্রভাব ফেলতে না পারে। এদের কেউ কেউ ডিপোর্টেশনের সম্মুখীন, কেউ কেউ তারা যেই দেশকে বাড়ি মনে করে সেই দেশের নাগরিক হিসেবে কমিউনিটিতে থাকতে চায়। প্রতি ক্ষেত্রে, ক্ষমার কারণে অভিবাসন-সংক্রান্ত ত্রাণ স্বয়ংক্রিয় না হলেও সম্ভব হবে। বিভিন্ন উপায়ে কমিউনিটি ও তাদের পরিবারের জন্য কাজ করে এবং উল্লেখযোগ্য সময়ের জন্য অপরাধ-মুক্ত ভালো নাগরিকের গুণ প্রদর্শন করে প্রত্যেক প্রাপক একটি ভালো অবস্থানে রয়েছে। এই নিয়ে পঞ্চম বারের মত গভর্নর কুওমো সম্ভাব্য ডিপোর্টেশনের সম্মুখীন ব্যক্তিদের রক্ষা করতে নিজের ক্ষমা করার অধিকার ব্যবহার করলেন, সম্প্রতি অগাস্ট মাসে তিনি এক ব্যক্তিকে তার ডিপোর্টেশন শুনানির দিন সকালে ক্ষমা প্রদান করেন এবং জুলাই মাসে অন্য সাত ব্যক্তিকে ক্ষমা প্রদান করেন।

সিরিকাও কনসেপশন সান্টানা, 67, 1997 সালে সপ্তম মাত্রায় নিয়ন্ত্রিত পদার্থ নিজের কাছে রাখার অপরাধে (Criminal Possession of a Controlled Substance) দোষী সাব্যস্ত হয়েছিল এবং 1998 সালে ম্যানহাটনে চতুর্থ মাত্রার নার্কোটিক নিজের কাছে রাখার অপরাধে (Criminal Possession of a Narcotic) দোষী সাব্যস্ত হয়েছিল। দোষী সাব্যস্ত হওয়ার পর 20 বছর ধরে সে নেশামুক্ত এবং অপরাধ-মুক্ত, এবং সে অতিশয় ধার্মিক হয়ে গেছে। জনাব সান্টানা ডমিনিকান রিপাবলিক থেকে এসেছেন এবং বর্তমানে অপসারণ প্রক্রিয়ার সম্মুখীন হয়েছেন। ক্ষমা তাকে তার পরিবারের দেখাশোনা করতে এবং প্রয়োজনীয় চিকিৎসা সেবা পেতে সাহায্য করবে।

গিল গিলিয়েন, 52, 1987 সালে ব্রঙ্কসে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির চেষ্টার অপরাধে (Attempted Criminal Sale of a Controlled Substance) দোষী সাব্যস্ত হয়েছিল। ডমিনিকান রিপাবলিক থেকে যুক্তরাষ্ট্রে আসার পর সে দক্ষিণ ক্যারোলিনাতে নিজের ব্যবসা শুরু করে এবং সেখানে তার স্ত্রী ও কন্যাকে নিয়ে বাস করছে। সে 31 বছর ধরে অপরাধ-মুক্ত থাকতে পেরেছে। এছাড়াও জনাব গিলিয়েন দক্ষিণ ক্যারোলিনায় সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত ঘরবাড়ি পুনর্নির্মাণ করতে নিজের অনেক সময় স্বেচ্ছায় প্রদান করেছে। সে ক্ষমার দ্বারা নাগরিকত্ব পাওয়ার চেষ্টা করবে।

লেথ আলটি, 47, 1997 সালে মনরো কাউন্টিতে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির অপরাধে (Criminal Sale of a Controlled Substance) দোষী সাব্যস্ত হয়েছিল। জনাব আলটি ইরাক থেকে এসে তার স্ত্রী ও দুই সন্তান নিয়ে রোচেস্টারে বাস করছে। ক্ষমা পাওয়ার ফলে সে তার অপরাধের কারণে ডিপোর্টেশনের ঝুঁকি এড়াতে পারবে, যেই অপরাধ সে 21 বছর আগে করেছিল এবং এরপর সে কখনো গ্রেফতার হয়নি।

সক্রেটিস ব্রিটো, 42, 1996 সালে ম্যানহাটনে 20 বছর বয়সে চতুর্থ মাত্রার গাঁজা বিক্রির অপরাধে (Criminal Sale of Marjuana) দোষী সাব্যস্ত হয়েছিল। সে 5 বছর বয়সে বৈধ স্থায়ী বাসিন্দা হিসেবে ডমিনিকান রিপাবলিক থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে আসে। জনাব ব্রিটো তার কমিউনিটির একজন সক্রিয় স্বেচ্ছাসেবক এবং সে 22 বছর ধরে অপরাধ মুক্ত। ক্ষমা পাওয়ার ফলে সে তার অপরাধের কারণে ডিপোর্টেশনের ঝুঁকি এড়াতে পারবে।

জন ঘেডিনি, 67, 1982 সালে ম্যানহাটনে দ্বিতীয় মাত্রার গাঁজা নিজের কাছে রাখার অপরাধে (Criminal Possession of Marijuana) দোষী সাব্যস্ত হয়েছিল। ঘেডিনির জন্ম মেক্সিকোতে এবং তার পিতামাতা ইতালিয়ান এবং সে 9 বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসে। নিউ ইয়র্কের এক কোম্পানিতে প্রায় ত্রিশ বছর কাজ করার পর সে সম্প্রতি অবসর গ্রহণ করেছে। ক্ষমা পেলে সে স্থায়ী অভিবাসন অবস্থার জন্য আবেদন করতে পারবে এবং সেই দেশে থেকে যেতে পারবে যেখানে সে প্রায় ষাট বছর ধরে বাস করছে। সে গত 36 বছর ধরে অপরাধ মুক্ত থেকেছে।

বোয়াজ ব্যাগ-ব্যাগ, 53, কুইন্স কাউন্টিতে দ্বিতীয় মাত্রার ট্রেডমার্ক জালিয়াতির (Trademark Counterfeiting) জন্য দোষী সাব্যস্ত হয়েছিল যার জন্য তার জরিমানা হয়েছিল কিন্তু কোনো কারাদণ্ড হয়নি। এরপর 10 বছর সে কোনো অপরাধ করেনি। জনাব ব্যাগ-ব্যাগ এর আগেও কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়নি। তার জন্ম ইসরায়েলে এবং সে নিউ ইয়র্ক শহরে 6,000 গাড়িচালককে কাজ দেয় এমন একটি কোম্পানির সিইও। ক্ষমা পেলে তা তাকে অপসারণ প্রক্রিয়ার ঝুঁকি থেকে রক্ষা করবে।

দিমাস একস্তা রামিরেজ, 64, 1976 সালে ম্যানহাটনে তৃতীয় মাত্রার ডাকাতি(Robbery), 1992 সালে ওয়েস্টচেস্টারে ছোটখাটো জোচ্চুরি (Petit Larceny) এবং 1997 সালে ব্রঙ্কসে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। জনাব রামিরেজ 21 বছর ধরে অপরাধ-মুক্ত এবং নেশামুক্ত রয়েছেন। তার জন্ম কলোম্বিয়াতে এবং সে সক্রিয়ভাবে ডিপোর্টেশনের সম্মুখীন, 46 বছর ধরে এখানে বাস করার পরেও। জনাব রামিরেজ একজন স্বেচ্ছাসেবক যাজক যে তার নাতিনাতনিদের দেখাশোনা করে এবং তার চার সন্তানের তিন জন মার্কিন সেনাবাহিনীতে কাজ করেছে। সে 21 বছর ধরে অপরাধ-মুক্ত জীবনযাপন করছে।

রিকার্ডো বার্নাব্যু, 59, 1986 সালে মনরো কাউন্টিতে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ নিজের কাছে রাখার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। সে কিউবার অভিবাসী এবং ফ্লোরিডাতে মেকানিকের কাজ করে, যেখানে সে ও তার স্ত্রী তাদের সন্তানদের বড় করছে। সে 32 বছর ধরে অপরাধ-মুক্ত আছে। ক্ষমার ফলে সে অপসারণ প্রক্রিয়ার ঝুঁকির বিরুদ্ধে সুরক্ষা পাবে।

ওয়াজসিয়েক লেসনিয়াক, 36, 2006 সালে কুইন্স কাউন্টিতে গ্রেফতার এড়ানোর চেষ্টা (Resisting Arrest) এবং তৃতীয় মাত্রার অনুমোদনহীন যানবাহন ব্যবহারের অপরাধে (Attempted Unauthorized Use of a Vehicle) দোষী সাব্যস্ত হয়েছিল। জনাব লেসনিয়াক অ্যালকোহল ও মাদক ব্যবহারের আবাসিক চিকিৎসা সম্পূর্ণ করেছে এবং বর্তমানে একটি নেশামুক্ত বাড়িতে বাড়ি ব্যবস্থাপকের কাজ করছে এবং একটি আবাসিক আসক্তি চিকিৎসা প্রোগ্রামের গাড়িচালক হিসেবে কাজ করছে। সে দোষী সাব্যস্ত হওয়ার পর 12 বছর ধরে অপরাধ-মুক্ত নেশাহীন জীবনযাপন করছে। ক্ষমা পেলে সে তার গ্রিন কার্ডের জন্য পুনরাবেদন করতে পারবে এবং রাষ্ট্রের নাগরিক অধিকার পাওয়ার চেষ্টা করতে পারবে।

অলিভ ফার্গুসন, 75, 1991 সালে ব্রঙ্কসে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থের বিক্রির চেষ্টার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। এরপর থেকে সে অপরাধ-মুক্ত রয়েছে। মিস ফার্গুসনের জন্ম জ্যামাইকাতে এবং সে তার গির্জার একজন সক্রিয় সদস্য। সে 27 বছর ধরে অপরাধ-মুক্ত রয়েছে। ক্ষমা তার ডিপোর্টেশনের ঝুঁকি কমাবে।

অ্যান্থনি থান, 66, 1980 সালে সপ্তম মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ নিজের কাছে রাখার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল যখন সে একজন পরিচিত ব্যক্তির সাথে নিয়ন্ত্রিত পদার্থ বিক্রি করতে যায় এবং একটি স্টিং অপারেশনের অংশ হিসেবে গ্রেফতার হয়। তার জন্ম ত্রিনিদাদে এবং সে 1971 সালে মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছিল। সে একজন সক্রিয় গির্জায় গমনকারী এবং একজন স্বামী ও পিতা, সে 35 বছর ধরে ট্যাক্সি ও লিমোজিন কমিশনের হয়ে কাজ করছে। সে 37 বছর ধরে অপরাধ-মুক্ত আছে।

রোহান হিল্টন, 47, 1992 সালে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির চেষ্টার অপরাধে, 2001 ও 2003 সালে পঞ্চম মাত্রার নিজের কাছে গাঁজা রাখার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল, সবগুলি ঘটনাই কুইন্সে ঘটে। জনাব হিল্টন 30 বছর আগে রাজনৈতিক নিপীড়ন থেকে বাঁচতে তার পরিবার নিয়ে জ্যামাইকা থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছিল। একজন বাবা এবং নিবেদিত পারিবারিক মানুষ হিসেবে, সে এখন কুইন্সে বাস করে ও কাজ করে। ক্ষমা পাওয়ার ফলে সে তার ডিপোর্টেশন নির্দেশ থেকে বিবেচনামূলক মুক্তির আবেদন করতে পারবে। সে 12 বছর ধরে কোনো অপকর্ম বা গুরুতর অপরাধ করে নি।

র‍্যামন ভিভিয়েসা, 40, 1999 সালে ম্যানহাটনে তৃতীয় ও সপ্তম মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ নিজের কাছে রাখার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। তার জন্ম ডমিনিকান রিপাবলিকে এবং সে 8 বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে

এসেছে। জনাব ভিভিয়েসা তিনজন সন্তানের পিতা যারা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং তার পরিবারের একমাত্র অর্থ উপার্জনকারী। সে নিউ ইয়র্ক শহরে আর্ট হ্যান্ডলার হিসেবে কাজ করে এবং 20 বছর ধরে অপরাধ মুক্ত রয়েছে।

ম্যানুয়েল ভিদাল অ্যান্টিগুয়া, 38, 2007 সালে কুইন্সে চতুর্থ মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল কারণ সে তার মায়ের চিকিৎসা খরচ জোগাড় করতে অল্প কিছু নিয়ন্ত্রিত পদার্থ বিক্রি করেছিল। সে ডমিনিকান রিপাবলিকে জন্মেছিল এবং বর্তমানে অপসারণের নির্দেশের সম্মুখীন হয়েছে। জনাব অ্যান্টিগুয়া দুইজন আমেরিকান শিশুর পিতা এবং নিজের কমিউনিটি সফটবল দল পরিচালনা করে, এবং তার বয়স্ক মায়ের দেখাশোনা করে। জনাব ভিদাল অ্যান্টিগুয়া 12 বছর ধরে কোনো অপরাধ করে নি।

ডরিস ইয়েরা হাচিনসন, 74, 2002 সালে ব্রঙ্কসে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। মিস হাচিনসন একজন অবসরপ্রাপ্ত দাদি যে ডমিনিকান রিপাবলিকে জন্মেছিল কিন্তু তার পিতা একজন মার্কিন নাগরিক হওয়া স্বত্বেও সে নিজে নাগরিকত্ব পায়নি। সে 11 বছর ধরে অপরাধ মুক্ত রয়েছে।

কেরন কেয়-ম্যারি পার্কস, 33, 2013 সালে কুইন্সে সপ্তম মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ নিজের কাছে রাখার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। সে জ্যামাইকাতে জন্মেছিলো, একজন গৃহ নির্যাতনের শিকার, তিন সন্তানের মা যে অনার রোলে আছে এবং বর্তমানে একটি নার্সিং হোমে পূর্ণকালীন স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করছে। সে পাঁচ বছর ধরে অপরাধ মুক্ত আছে।

রেচেল লুইস, 50, 1990-এর দশকে ব্রঙ্কসে বেশ কিছু ছোটখাটো মাদক অপরাধ এবং দুষ্টুমি সংক্রান্ত অপরাধে (Criminal Mischief) দোষী সাব্যস্ত হয়েছিল। তার জন্ম যুক্তরাজ্যে এবং সে 2 বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসে। তার মা এবং সন্তানেরা সবাই যুক্তরাষ্ট্রের নাগরিক। মিস লুইস নিউ ইয়র্ক শহরে সাবেক কারাবন্দীদের মাদক চিকিৎসার কাউন্সিলর হিসেবে কাজ করে। ক্ষমা পেলে সে তার গ্রিন কার্ড নবায়ন করতে পারবে এবং তার চাকরি করা চালিয়ে যেতে পারবে। মিস লুইস 13 বছর ধরে অপরাধ মুক্ত আছে।

জেরেমি গ্র্যান্ট, 58, 2005 সালে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রির অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল যখন সে যেই মাদক ব্যবসায়ী দলের সদস্য ছিল সেই দলের একজন ছদ্মবেশী পুলিশকে মাদক বিক্রি করতে গিয়ে পুরো দল নিয়ে ম্যানহাটনে ধরা পড়ে। সে জ্যামাইকা থেকে অভিবাসী হয়ে এসেছে এবং 2006 সাল থেকে দীর্ঘমেয়াদি অপসারণ প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছে। সে 13 বছর ধরে অপরাধ মুক্ত আছে। গ্রিন কার্ডের জন্য আবেদন করার বাঁধা এই ক্ষমা দূর করবে এবং ডিপোর্টেশন ও তার প্রয়োজনীয় চিকিৎসা হারানো থেকে থেকে তাকে রক্ষা করবে।

জর্জ লুনা টোরেস, 44, 1999 সালে তৃতীয় মাত্রার অগ্নিসংযোগের প্রচেষ্টার অপরাধে (Attempted Arson) দোষী সাব্যস্ত হয়েছিল যখন সে দুষ্টুমি করে পরিচিত একজনের গাড়িতে আগুন ধরিয়ে দেয়। সে প্রায় 20 বছর ধরে আর কোনো অপরাধ করে নি। জনাব টোরেস 9 বছর বয়সে একজন বৈধ স্থায়ী বাসিন্দা হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করে। সে গণিতে B.A. লাভ করে এবং তার বিষয়ে শিক্ষার্থীদের পড়ায়। অভিবাসন ও কাস্টমস প্রয়োগকারী সংস্থার (Immigration and Customs Enforcement, ICE) দ্বারা তার অপসারণের নির্দেশের বিরুদ্ধে লড়াই করতে এই ক্ষমা তাকে সাহায্য করবে।

ট্রেভর এলিয়ট, 67, নব্বই দশকের শুরুর দিকে ওয়েস্টচেস্টারে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত পদার্থ বিক্রি ও বিক্রির চেষ্টার অপরাধে এবং চতুর্থ মাত্রার গাঁজা বিক্রির অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। সে জ্যামাইকাতে জন্মগ্রহণ করে এবং তরুণদের সামাজিক সেবা প্রদান করে এমন একটি অলাভজনক প্রতিষ্ঠানে কাজ করতো এবং বয়স্কদের সেবাদানকারী হিসেবেও কাজ করতো। ক্ষমা পেলে জনাব এলিয়ট নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবে। সে 10 বছর ধরে অপরাধ-মুক্ত জীবনযাপন করছে।

মার্ভিন হার্নান্দেজ, 34, 2006 সালে 21 বছর বয়সে ওয়েস্টচেস্টারে এক বাক্স আবর্জনায় আগুন লাগিয়ে দেওয়ার জন্য তৃতীয় মাত্রার অগ্নিসংযোগ চেষ্টার অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিল। কোনো হতাহতের ঘটনা ঘটে নি, এবং জনাব হার্নান্দেজ 12 বছর ধরে অপরাধ-মুক্ত জীবনযাপন করছে। সে 3 বছর বয়সে এল স্যালভাডর থেকে তার পিতামাতার সাথে থাকতে মার্কিন যুক্তরাষ্ট্রে আসে। ক্ষমা পেলে সে এল স্যালভাডরে ডিপোর্ট হওয়া এড়াতে পারবে, যেখানে তার কোনো পরিবার নেই এবং যেখানে সে জোটবদ্ধ সহিংসতার শিকার হবে বলে ভয় পাচ্ছে।

রেজিনাল্ড কাস্টেল, 45, 1999 সালে প্রায় 20 বছর আগে রোচেস্টারে প্রথম মাত্রার হামলার অপরাধে (Assault) দোষী সাব্যস্ত হয়েছিল। জনাব কাস্টেলের জন্ম হাইতিতে এবং সে 8 বছর বয়সে মার্কিন যুক্তরাষ্ট্রে আসে। সে বিবাহিত এবং তার চারটি সন্তান আছে এবং 2017 সালের সেপ্টেম্বর মাসে তাকে বিনা নোটিসে ডিপোর্ট করা হয়। ক্ষমা পেলে জনাব কাস্টেল যুক্তরাষ্ট্রে পুনঃপ্রবেশের আবেদন করতে পারবে এবং পরিবারের সাথে মিলিত হতে পারবে। সে 19 বছর ধরে অপরাধ মুক্ত আছে।

ফেডারেল আক্রমণের হাত থেকে অভিবাসীদের রক্ষা ও সমর্থন করার জন্য এই ক্ষমা হল গভর্নর কুওমোর সর্বশেষ পদক্ষেপ। 2011 সালে, তিনি স্টেট এজেন্সিগুলিতে ভাষার অধিকার নিশ্চিত করার জন্য একটি ব্যাপক-বিস্তৃত নির্বাহী আদেশ সাক্ষর করেন, একটি ফেডারেল প্রোগ্রাম যেখানে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে ডিপোর্ট করার যোগ্য ব্যক্তিদের চিহ্নিত করতে সাহায্য করতে হয় সেখানে স্টেটের অংশগ্রহণ বাতিল করেন, অভিবাসীদের ধোঁকা দেয় এমন এনটিটিকে দায়ী করে আইন পাশ করেন, এবং অফিস ফর নিউ আমেরিকানস (Office for New Americans) স্থাপন করেন। তিনি ন্যাচারালাইজনিউইয়র্ক (NaturalizeNY) শুরু করেন, যা এই ধরনের প্রথম সরকারি-বেসরকারি অংশীদারিত্ব যা নিউ ইয়র্ক স্টেটের উপযুক্ত অভিবাসীদের মার্কিন নাগরিক হতে উৎসাহিত ও সহযোগিতা করে।

2017 সালে গভর্নর লিবার্টি ডিফেন্স প্রকল্প শুরু করেন, একটি স্টেট-নেতৃত্বাধীন সরকারি-বেসরকারি আইনি প্রতিরক্ষা প্রোগ্রাম যা নিশ্চিত করে যে অবস্থা নির্বিশেষে সব অভিবাসী যেন উচ্চ মাণের আইনি পরামর্শ পেতে পারে। শীর্ষস্থানীয় অলাভজনক আইনি সেবা প্রদানকারীদের সাথে অংশীদারিত্বে প্রকল্পটি পুরো স্টেটে অভিবাসন অ্যাটর্নির সহজলভ্যতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে। 2019 ফিসক্যাল বছরের বাজেটে লিবার্টি ডিফেন্স প্রকল্পকে টিকিয়ে রাখার জন্য এবং এটি যাতে আমাদের অভিবাসন কমিউনিটিসমূহের প্রতিরক্ষায় আইনি সেবা প্রদানকারীর নেটওয়ার্ক সম্প্রসারণ করতে পারে তার জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন বিনিয়োগ যুক্ত করা হয়েছে।

ট্রাম্প প্রশাসনের মার্কিন দক্ষিণ সীমানায় বলপূর্বক পরিবার পৃথকীকরণ পলিসিকে চ্যালেঞ্জ করে গভর্নর কুওমো এই গ্রীষ্মে একটি মামলা দায়ের করেন। ICE বর্ধিত হরে যেইসব অতিরিক্ত আগ্রাসী ডিপোর্টেশন কৌশল ব্যবহার করছে তা থেকে অভিবাসীদের রক্ষা করতে, গভর্নর নির্বাহী আদেশ প্রদান করেন যা স্টেট ফ্যাসিলিটিতে ওয়ারেন্ট ছাড়া গ্রেফতার করতে ICEকে নিষেধ করে, আইনত প্রয়োজন না হলে বা কোনো

কল্যাণ বা সেবা প্রাপ্তির উপযুক্ততার জন্য না হলে বা বেসামরিক আইন প্রয়োগের ব্যাপারে ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষকে তথ্য দিতে না হলে স্টেট এজেন্সিকে বা কর্মকর্তাদের কোনো ব্যক্তির অভিবাসন অবস্থা নিয়ে প্রশ্ন করতে নিষেধ করে।

অসবোর্ন অ্যাসোসিয়েশনের (Osborne Association) নির্বাহী পরিচালক এলিজাবেথ গেইনস বলেন, "এমন একটা সময় যখন ফেডারেল সরকার এই দেশে উন্নততর জীবন খুঁজতে আসা মানুষকে বর্জন ও একঘরে করার একটি দেওয়ালের দাবিতে বন্ধ হয়ে বসে আছে, তখন নিউ ইয়র্ক স্টেট দেওয়াল ভেঙ্গে ফেলছে, সেইসব মানুষের মূল্য বুঝতে পারছে যারা দেখিয়ে দিয়েছে যে তাদের অতীত তাদের ভবিষ্যৎ নয়। দেওয়ার পেছনের সেই মানুষদের জন্য দুয়ার খুলে দেওয়ার জন্য এবং যারা থাকতে চায় তাদের জন্য দুয়ার খুলে রাখার জন্য এবং আমাদের কমিউনিটিতে অব্যাহত অবদানের জন্য অসবোর্ন অ্যাসোসিয়েশন গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ।"

অভিবাসী প্রতিরক্ষা প্রকল্পের (Immigrant Defense Project) নির্বাহী পরিচালক এলিসা ওয়েলেক বলেন, "বহু বছর ধরে আমাদের কমিউনিটিতে অবদান রাখার পরেও ডিপোর্টেশনের সম্মুখীন নিউ ইয়র্কের অভিবাসীদের ক্ষমা করে দেওয়ার মাধ্যমে, গভর্নর কুওমো সেইসব মানুষের মর্যাদা পুনঃস্থাপন করতে একটি শক্তিশালী ব্যবস্থা ব্যবহার করেছেন যাদের শাস্তি শুধু এক কারণে কখনোই শেষ হতো না যে তারা এই দেশে জন্মায় নি। ট্রাম্পের ঘৃণামূলক এজেন্ডার মুখে নিউ ইয়র্কের অভিবাসীরা যাতে তাদের পরিবারের সাথে থাকার জন্য লড়াই করার সুযোগ পায় সেই উদ্দেশ্যে আমরা গভর্নর কুওমোর অফিসের সাথে এবং আমাদের ইমিগ্র্যান্ট ক্লেমেনসি প্রজেক্টে (Immigrant Clemency Project) আমরা কাজ চালিয়ে যেতে চাই।"

শাস্তি হ্রাস

গভর্নর কুওমো আজকে উল্লেখযোগ্য পুনর্বাসনের প্রমাণ প্রদর্শনকারী সাত ব্যক্তির শাস্তি হ্রাস করে দেন। তারা তাদের কমিউনিটিতে ফিরে যাবে এবং নিউ ইয়র্ক স্টেটের অপরাধ কমাতে গুরুত্বপূর্ণ বিশ্বাসযোগ্য বার্তাবাহক হিসেবে কাজ করবে।

আন্দ্রে জেনকিন্স, 52, প্রথম মাত্রার ডাকাতির জন্য 22 বা যাবজ্জীবন কারাদণ্ড পায় যার 15 বছর অতিবাহিত হয়েছে। 2005 সালে জনাব জেনকিন্সকে সাফলোক কাউন্টিতে তিন ব্যক্তিকে ছিনতাই করার অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়। বন্দুক দেখিয়ে ছিনতাই এর এই অভিযোগে কোনো বন্দুক উদ্ধার করা যায়নি। সে তার অপরাধমূলক জীবনযাত্রা নিয়ে গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব জেনকিন্স মাদক অপব্যবহার চিকিৎসা সম্পূর্ণ করেছে এবং কারাগারে থেকে B.A. ও M.A. দুইটিই প্রাপ্ত হয়। সে ভয়েসেস ফ্রম উইদিন (Voices from Within) এর সহ প্রতিষ্ঠাতা, এটি একটি গ্রুপ যা তরুণদের বন্দুক সহিংসতায় লিপ্ত হওয়া থেকে নিরুৎসাহিত করে, বন্দুক পুনরায় কিনে নেওয়ার উদ্যোগে নেতৃত্ব দেয়, সিং সিং এর NAACP-এর (Sing Sing's NAACP) প্রেসিডেন্ট ছিল, এবং ঘূর্ণিঝড় স্যান্ডির ত্রাণের জন্য তহবিল সংগ্রহ করে।

ব্রায়ান ম্যাস্টারন, 42, ছয়টি প্রথম মাত্রার ডাকাতির জন্য 18 বছর কারাদণ্ড পায় যার মধ্যে 12 বছর অতিবাহিত হয়েছে। জনাব ম্যাস্টারন 2006 সালে বাফেলোতে এক নাগাড়ে অনেকগুলি ডাকাতি করে, এতে কেউ হতাহত হয়নি। এইসব অপরাধের জন্য সে গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব ম্যাস্টারন গিনেসি কমিউনিটি কলেজ (Genesee Community College) থেকে তার অ্যাসোসিয়েট ডিগ্রী পেয়েছে এবং একটি সাজাপ্রাপ্ত সাবেক সৈনিকের সমর্থন গ্রুপ এবং একটি মাদক অপব্যবহার চিকিৎসা গ্রুপে কাজ করেছে। এছাড়াও

জনাব ম্যাস্টারন প্রাপ্তবয়স্কদের মৌলিক শিক্ষার জন্য সহকারী শিক্ষক হিসেবে কাজ করেছে এবং তারুণ্যের সহযোগী প্রোগ্রামে (Youth Assistance Program) সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। এইসব আবশ্যকতা পূরণ করার পর সে মাদক অপব্যবহার কাউন্সিলর হিসেবে কাজ করতে চায়, কিন্তু আপাতত ইরি কাউন্টির এক পেইন্টার্স ইউনিয়নে তার একটি সহায়ক চাকরির সুযোগ আছে।

ইউজিন বুশ, 52, দ্বিতীয় মাত্রার অস্ত্র রাখার অপরাধে (Criminal Possession of a Weapon) পাওয়া 25 বা যাবজ্জীবন কারাদণ্ডের 22 বছর অতিবাহিত করেছে। 1998 সালে ব্রুকলিনে সে একটি অকেজো পিস্তল রাখার কথা স্বীকার করে। জনাব বুশ তার অপরাধমূলক জীবনযাত্রার জন্য গভীর অনুশোচনা প্রকাশে করেছে। জনাব বুশ লাইব্রেরি ক্লার্ক হিসেবে কাজ করে, অনার ব্লকে বাস করে এবং বর্তমানে নিজের B.A. ডিগ্রির জন্য কাজ করছে। ছাড়া পাওয়ার পর, জনাব বুশ তাকে প্রদান করা চাকরির সুযোগগুলির একটি গ্রহণ করবে, যার মধ্যে কাউন্সেলিং চাকরি অন্তর্ভুক্ত, এবং সে তার স্ত্রীর কাছে ফিরে যাবে যে দীর্ঘমেয়াদি অসুস্থতায় ভুগছে।

আলফোনসে রাইলি-জেমস, 49, 1988 সালে দ্বিতীয় মাত্রার খুন (Murder), প্রথম মাত্রার ডাকাতি, প্রথম মাত্রার চুরি (Burglary) এবং দ্বিতীয় মাতার অস্ত্র রাখার অপরাধে তাকে প্রদত্ত 50 বা যাবজ্জীবন কারাদণ্ডের 30 বছর অতিবাহিত করেছে। 18 বছর বয়সে, একটি মাদক চুক্তির অংশ হিসেবে সে একটি দলের সাথে অ্যালবেনিতে যায় যার ফলে দুই জন মানুষের মৃত্যু হয়। যদিও জনাব রাইলি-জেমস দলের অংশ ছিল, তাকে কোনো মৃত্যুর জন্য দায়ী করা হয়নি। জনাব রাইলি-জেমস যে প্রাণনাশ হয়েছে তার জন্য গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব রাইলি-জেমস তার ফ্যাসিলিটির একজন নেতা, যেখানে সে মৌলিক আইনি গবেষণা শেখায়, একটি দাবা ক্লাবের নেতৃত্ব দেয় এবং তার স্ত্রীর সাথে একটি অর্থনৈতিক স্বাক্ষরতার নিউজলেটার চালায়। সে B.A. করেছে, একজন আইন লাইব্রেরি ক্লার্ক হিসেবে কাজ করে এবং একটি শিশু কেন্দ্রে এবং একটি প্রাপ্তবয়স্ক শিক্ষা কেন্দ্রে স্বেচ্ছাসেবকের কাজ করে। জনাব রাইলি-জেমসের প্যারালিগাল সার্টিফিকেট আছে এবং মুক্তি পাওয়ার পর সে প্যারালিগাল হিসেবে কাজ করতে চায়।

রয় বলুস, 49, দ্বিতীয় মাত্রার খুন, প্রথম মাত্রার ডাকাতি, প্রথম মাত্রার চুরি এবং দ্বিতীয় মাত্রার অস্ত্র রাখার অপরাধে 1988 সালে 75 বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয় যার মধ্যে 30 বছর অতিবাহিত হয়েছে। 18 বছর বয়সে, একটি মাদক চুক্তির অংশ হিসেবে সে একটি দলের সাথে অ্যালবেনিতে যায় যার ফলে দুই জন মানুষের মৃত্যু হয়। যদিও জনাব বলুস দলটির অংশ ছিল, তাকে কোনো মৃত্যুর জন্য দায়ী করা হয়নি। যে প্রাণনাশ হয়েছে তার জন্য সে গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব বলুস একটি B.A . এবং দুইটি মাস্টার্স ডিগ্রী পেয়েছে এবং শিক্ষাগত নেতৃত্বের ব্যাপারে পিএইচডি করছে। সে এইচআইভি প্রতিরোধ কোর্স পড়িয়েছে, বিভিন্ন দাতব্য ব্যাপারে নেতৃত্ব দিয়েছে, এবং ইয়েল আইন স্কুলের (Yale Law School) PACT-পুনঃপ্রবেশ প্রোগ্রামের (PACT-Reentry program) প্রেসিডেন্ট হিসেবে কাজ করেছে। ছাড়া পাওয়ার পর, সে তার পিএইচডি সম্পূর্ণ করবে এবং শিক্ষকের চাকরির জন্য আবেদন করবে।

মাইকেল ক্রফোর্ড, 38, দ্বিতীয় মাত্রার খুন, প্রথম মাত্রার ডাকাতি, প্রথম মাত্রার ডাকাতির চেষ্টা এবং তৃতীয় মাত্রার চুরি করা সামগ্রী নিজের কাছে রাখার অপরাধে (Criminal Possession of Stolen Property) পাওয়া 22 বছর বা আজীবন কারাদণ্ডের মধ্যে 20 বছর অতিক্রম করেছে। জনাব ক্রফোর্ড 1999 সালে বাফেলোতে 17 বছর বয়সে কনসার্টের টিকেট চুরি করে পালানোর জন্য একজনকে গুলি করে, যেও তার সাথেই একটি মাদক গোষ্ঠীর সাথে জড়িত ছিল। যে প্রাণনাশ হয়েছে তার জন্য সে গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব ক্রফোর্ড শিশুকালে একজন যাজকের হাতে যৌন নিপীড়নের শিকার হয়েছিল, এবং জনাব ক্রফোর্ডের জবানবন্দি সেই নিপীড়কের 70 বছর সাজা পাওয়ার জন্য অতি গুরুত্বপূর্ণ ছিল। সাজা পাওয়ার পর থেকে, সে

GED সম্পূর্ণ করেছে, বার্ড (Bard) থেকে B.A. করেছে এবং নিউ ইয়র্ক থিওলজিক্যাল সেমিনারি (New York Theological Seminary) থেকে M.A. করেছে। জনাব ক্রফোর্ড স্বেচ্ছাসেবক কাজে সক্রিয়, যার মধ্যে রয়েছে শিশুদের জন্য কাপড় বোনা এবং ইউনাইটেড ওয়ে (United Way) ডোনেশন সংগ্রহ করা। জনাব ক্রফোর্ডের বাফেলোর সেইন্ট জন ব্যাপ্টিস্ট গির্জাতে একটি চাকরির সুযোগ আছে যা সে ছাড়া পাওয়ার পর গ্রহণ করবে।

ডেনিস উডবাইন, 42, 1998 সালে 19 বছর বয়সে ব্রুকলিনের এক ঘটনায় দ্বিতীয় মাত্রার খুন এবং দ্বিতীয় মাত্রার অস্ত্র রাখার অপরাধে 25 বা যাবজ্জীবন কারাদণ্ড পায় যার মধ্যে প্রায় 22 বছর সে অতিবাহিত করেছে। তার গয়না চুরি করে পালানো একদল তরুণকে তাড়া করার সময় জনাব উডবাইন গুলি করে এবং একজন নিরপরাধ পথচারীর গায়ে গুলি লাগে। যে প্রাণনাশ হয়েছে তার জন্য সে গভীর অনুশোচনা প্রকাশ করেছে। জনাব উডবাইন হাডসন লিঙ্কের (Hudson Link) মাধ্যমে মার্সি কলেজ (Mercy College) থেকে স্নাতক ডিগ্রী লাভ করে। এছাড়াও সে একজন তারুণ্যের সহযোগী মেন্টর (Youth Assistance Mentor) এবং শিল্পের মাধ্যমে পুনর্বাসন প্রতিষ্ঠানে (Rehabilitation Through the Arts) সক্রিয়, সে তার সংশোধন ফ্যাসিলিটিতে নাটক পরিচালনা ও তাতে অভিনয় করে। জনাব উডবাইন একটি PBS তথ্যচিত্র, ড্রামাটিক এস্কেপের (Dramatic Escape) অংশ ছিল, যেটি RTA সাফল্যের গল্প নিয়ে একটি তথ্যচিত্র। ছাড়া পাওয়ার পর, সে এক্সোডাস ট্রানজিশনাল কমিউনিটি, একটি শীর্ষস্থানীয় পুনঃপ্রবেশ প্রতিষ্ঠান, এ একজন তরুণদের মেন্টর হিসেবে কাজ করবে, এবং তার স্ত্রী ও সৎ ছেলেমেয়ের সাথে বাস করবে, যারা তাকে তাদের বাবাই মনে করে।

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সেক্রেটারি এবং গভর্নর কুওমোর পুনঃপ্রবেশ ও পুনঃপ্রতিষ্ঠা কাউন্সিলের (Re-entry and Reintegration Council) সহ সভাপতি রোজানা রোসাডো বলেন, "অপরাধ বিচার ব্যবস্থার লক্ষ্য হল ভুল সংশোধন করা, আজীবন শাস্তি প্রদান নয়। গভর্নরদের ক্ষমা করার ক্ষমতা প্রদান করা হয় কারণ আমেরিকার মজবুত সামাজিক সুতার আদর্শ হিসেবে সহানুভূতিশীল ক্ষমা ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এই ধারণাটি সবার জন্য একটি মজবুততর এবং আশাবাদী ভবিষ্যৎ বানাতে আমাদের সাহায্য করে। আমি গর্বিত যে গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটকে এমন একটি স্থান বানাচ্ছেন যেখানে ক্ষমা অর্জন করার সুযোগ আছে।"

নিউ ইয়র্ক স্টেটের সংশোধন ও কমিউনিটি সুপারভিশন অধিদপ্তরের (Department of Corrections and Community Supervision) ভারপ্রাপ্ত কমিশনার অ্যান্থনি এনুচি বলেন, "ন্যায়পরায়ণ সমাজের জন্য, ন্যায়বিচারকে ক্ষমাশীল হতে হবে। এইসব ক্ষমা প্রদানের মাধ্যমে, গভর্নর কুওমো আরেকবার দেখিয়ে দিলেন যে নিউ ইয়র্ক আশা ও জ্ঞানের জন্য একটি আলোকশিখার মতন।"

নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের আইন স্কুলের (New York University School of Law) অধ্যাপক, পুনঃপ্রবেশ কাউন্সিলের সহ সভাপতি অ্যান্থনি টম্পসন বলেন, "মানুষ বদলাতে পারে এটি শনাক্ত করে গভর্নর কুওমোর এই নেতৃত্বসুলভ গুরুত্বপূর্ণ ব্যবস্থাটি প্রশংসনীয়। গণ শাস্তির নির্ভরশীলতা শেষ করার জন্য এবং পুনর্বাসন ও সংশোধনের গুরুত্ব বোঝার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

কারাগারে উচ্চ শিক্ষার হাডসন লিঙ্কের (Hudson Link for Higher Education in Prison) নির্বাহী পরিচালক শন পিকা বলেন, "সাবেক সাজাপ্রাপ্ত মানুষেরা তাদের পরিবার, কমিউনিটি ও সমাজে যেই তরঙ্গের মতো প্রভাব ফেলতে পারে তাতে বিশ্বাস করার জন্য আমরা গভর্নর কুওমোর প্রশংসা করছি এবং

তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই নির্বাহী ক্ষমতা ব্যবহার করার জন্য সত্যিকারের সাহস ও বিশ্বাস থাকতে হয়। এই সব নারীপুরুষেরা যারা ব্যক্তিগত উন্নয়নের জন্য নিবেদিতভাবে কঠোর পরিশ্রম করেছে তারা তাদের দ্বিতীয় সুযোগ ব্যবহার করে কী প্রদর্শন করে তা দেখার জন্য আমরা উন্মুখ হয়ে আছি।"

কোর্ট উদ্ভাবন কেন্দ্রের (Center for Court Innovation)পরিচালক গ্রেগ বারম্যান বলেন, "কোর্ট উদ্ভাবন কেন্দ্র গভর্নর কুওমোকে সাধুবাদ জানাচ্ছে সেইসব মানুষকে ক্ষমা প্রদান করার জন্য যারা শুধু নিজেদের জীবন বদলানোর প্রতিশ্রুতি প্রদর্শন করেনি বরং রূপান্তরের অঙ্গীকার করেছে। আমাদের প্রোগ্রামের অভিজ্ঞতাসহ প্রমাণ দেখায় যে বিশ্বাসযোগ্য বার্তাবাহক - এমন মানুষ যারা অপরাধকর্মে লিপ্ত হয়ে জীবন শুধরে ফেলেছে - নিজের জীবনের বাস্তব জ্ঞান ব্যবহার করে প্রতিশোধমূলক সহিংসতা হওয়ার পূর্বেই ঠেকিয়ে দিতে পারে। গভর্নর কুওমো যাদের ক্ষমা প্রদান করেছেন সেই রকম সাবেক সাজাপ্রাপ্ত ব্যক্তিরা অপরাধপ্রবণ কমিউনিটির মধ্যে শান্তি এবং অসহিংস দ্বন্দ্বের সুরাহা করতে মূল্যবান ভূমিকা রাখতে পারে।"

প্যাটারসন বেলন্যাপ ওয়েব এন্ড টাইলার (Patterson Belknap Webb and Tyler) এর ক্যাথরিনা জিম্বোরস্কি বলেন, "আমরা অতিশয় আনন্দিত যে আমাদের দুইজন মক্কেল, মেসার্স ক্রফোর্ড এবং উডবাইন এই বছর নির্বাহী ক্ষমা লাভ করেছে। তারা যেই পুনর্বাসনমূলক প্রচেষ্টা প্রদর্শন করেছে, তাদের অসাধারণ শিক্ষাগত অর্জন, এবং নিজের কমিউনিটির উন্নয়নে তাদের প্রতিশ্রুতি দেখে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস ক্রয় যে কারাগার থেকে মুক্তির পর তারা খুবই ভালো কিছু করবে। নিউ ইয়র্ককে একটি ন্যায্যতর এবং আরো সহানুভূতিশীল অপরাধ বিচার ব্যবস্থার দিকে ধাবিত করতে গভর্নর কুওমোর যে অব্যাহত মনোযোগ, যা এই সাজা মওকুফে প্রতিফলিত হচ্ছে, তার জন্য আমরা তার প্রশংসা করছি।"

CUNY আইন স্কুলের (CUNY School of Law) ক্লিনিক্যাল আইন অধ্যাপক স্টিভেন জিডম্যান বলেন, "আমাদের মক্কেল আলফোনসে রাইলি-জেমস, রয় বলুস এবং আন্দ্রে জেনকিন্স যেই অসাধারণ অগ্রগতি করেছে, তারা যে ব্যতিক্রমী মানুষে পরিণত হয়েছে, এবং কারাগারের বাইরে তারা আমাদের কী প্রদান করতে পারে এই সব কিছু শনাক্ত ও মূল্যায়ন করার জন্য, আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন